

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
তথ্য ব্যবস্থাপনা-২ শাখা  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা  
(www.sid.gov.bd)

**SAARCSTAT এর ৯ম সভাটি ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ানে সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয়  
সভার কার্যবিবরণী:**

সভার তারিখ ও সময় : ০১ এপ্রিল, ২০১৮ খ্রিঃ, দুপুর: ০৩.০০ ঘটিকা  
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ (ব্লক-বি)  
সভাপতি : সৌরেন্দ্র নাথ চক্রবর্তী, ভারপ্রাপ্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।  
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সূচনা বক্তব্যে সভাপতি বলেন- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা (এনএসও) হিসাবে সরকারি পরিসংখ্যান প্রণয়ন করছে। SAARCSTAT এর ৯ম সভা আগামী ১১-১৩ এপ্রিল, ২০১৮ সময়ে ০৩ (তিন) দিন ব্যাপী বাংলাদেশের রাজধানী ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ানে অনুষ্ঠিত হবে। গুরুত্বপূর্ণ এ সভাটি সফলভাবে সম্পন্ন করার জন্য যাতে কোন রকম ঘাটতি না থাকে তার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত সতর্কতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান এবং সভাটি সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি এবং করণীয় বিষয়সমূহ জানতে চান। এ বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সমন্বয় কমিটির সভাপতি ০৩ (তিন) দিন ব্যাপী ৯ম সভা সফলভাবে সম্পন্ন করার নিমিত্ত গৃহীত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনা, মতবিনিময় শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়বস্তু	আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	মন্তব্য
০১।	সভার তারিখ ও ভেনু নির্বাচন	আগামী ১১-১৩ এপ্রিল, ২০১৮ সময়ে SAARCSTAT এর ৯ম সভা ঢাকাস্থ হোটেল লা-মেরিডিয়ান এর জাফলং সভা কক্ষে অনুষ্ঠিত হবে।	
০২।	সভাপতি নির্বাচন	ভারতে অনুষ্ঠিত SAARCSTAT এর ৮ম সভার সভাপতি (মহাপরিচালক) ৯ম সভার সভাপতি হিসেবে বিবিএস এর মহাপরিচালকে দায়িত্বভার অর্পণ করবেন।	
০৩।	প্রধান অতিথি	আগামী ১১ এপ্রিল, ২০১৮ তারিখে উদ্বোধনী সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত সচিব প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।	
০৪।	পর্যবেক্ষক	উন্নয়ন সহযোগী সংস্থা Paris 21 এবং FAO হতে আগত প্রতিনিধিত্বীয় পর্যবেক্ষক হিসেবে অংশগ্রহণ করবেন এবং ৯ম সভায় তাদের পক্ষে পেপার উপস্থাপন করবেন।	
০৫।	বিশেষজ্ঞ অতিথি	Gender Statistics এর উপর একটি পেপার উপস্থাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রফেসর জনাব বজলুল হক খন্দকার এবং প্রফেসর তানিয়া হক-কে নির্বাচন করা হয়।	০২/০৪/২০১৮ তারিখে বিবিএস খসড়া উপস্থাপন করবেন।
০৬।	উপস্থাপক নির্বাচন	Inaugural Session- এ বেগম আয়শা আক্তার মিলি এবং আশিকা শারমিন উপস্থাপকের দায়িত্ব পালন করবেন।	
০৭।	SAARCSTAT এর ৯ম সভায় বিভিন্ন পর্যায়ের অংশগ্রহণকারী প্রতিনিধিদের সম্ভাব্য সংখ্যা।	সার্কভুক্ত সদস্য দেশসমূহের মধ্য হতে ভারত (ডিজিসহ ২ জন), মালদ্বীপ (চীফ স্ট্যাটিসটিশিয়ান নিজে-১ জন), ভূটান (৩ জন), পাকিস্তান (পরিসংখ্যান বিভাগের সচিবসহ ২ জন) ও শ্রীলংকা (৩ জন) সহ এ পর্যন্ত মোট ১১ জনের নমিনেশন পাওয়া গেছে। এ সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস হতে ১২ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন।	
০৮।	১২ এপ্রিল, ২০১৮ তারিখে আনুষ্ঠানিক নৈশভোজ	১২/০৪/২০১৮ তারিখ সন্ধ্যায় আনুষ্ঠানিক নৈশভোজের আয়োজন করতে হবে। একোমোডেশন ও ফুড কমিটি এ দায়িত্ব পালন করবে। দাওয়াত কার্ড ছাপাতে হবে।	
০৯।	৯ম সভায় বাংলাদেশী প্রতিনিধিদের মনোনয়ন	মহাপরিচালক, বিবিএসকে টিম লিডার করে ১২ জন কর্মকর্তার মনোনয়ন প্রশাসন অনুবিভাগ হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	



